

জবির নীল দলে বিএনপি ও জামায়াতপন্থী নেতা

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আওয়ামীপন্থী শিক্ষকদের সংগঠন নীল দলের একটি প্যানেলে সহ-সভাপতি পদে মনোনয়ন পেয়েছেন জাতীয়তাবাদী পেশাজীবী পরিষদের সাবেক নেতা ড. মোহাম্মদ আবদুল অদুদ। মনোনয়ন নিয়ে আজ নির্বাচনে অংশগ্রহণ করতে যাচ্ছেন তিনি। বিতর্কিত ও বহুল সমালোচিত বিএনপি-জামায়াতপন্থী ওই শিক্ষককে নীল দলে অন্তর্ভুক্ত করায় সংগঠনের সিনিয়র এবং ত্যাগী নেতারা তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। নীল দলের একটি প্যানেলের হঠকারী এই সিদ্ধান্তে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি অনূদেব সাবেক কর্তৃক কুটিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী শিক্ষকরাও হতবাক। তারা ওই শিক্ষককে নীল দল থেকে অপসারণসহ প্রশয়দাতাদের বিচারের দাবি করেছেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আওয়ামীপন্থী

শিক্ষকদের সংগঠন নীল দলের নির্বাচন-আল্লাহ কৃপাভিত্তিক অনুষ্ঠিত হওয়ার কথা। নির্বাচনকে সামনে রেখে নীল দলের শিক্ষকরা দুটি প্যানেলে বিভক্ত হয়ে মনোনয়নপত্র জমা দিয়েছেন। নির্বাচনে মোট ৪৩৭ জন শিক্ষক তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আক্কাসকে সভাপতি ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নূরে আলম আবদুল্লাহকে সাধারণ সম্পাদক রূপে ঘোষিত প্যানেলে সহ-সভাপতি ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ, কোষাধ্যক্ষ পদে মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. অশোক কুমার সাহা, যুগ্ম-সাধারণ সম্পাদক পদে ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক নজরুল ইসলাম ও মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক শাহীন মোল্লা এবং সাংগঠনিক

সম্পাদক পদে আইন বিভাগের শিক্ষক খায়ের মাহমুদ মনোয়ন জমা দিয়েছেন।

অপরদিকে ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. একেএম মনিরুজ্জামানকে সভাপতি ও রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবুল কালাম মো. লুৎফুর রহমানকে সাধারণ সম্পাদক করে গঠিত আরেকটি প্যানেল থেকে সহ-সভাপতি পদে প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মো. আবদুল আলীম ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদ, কোষাধ্যক্ষ পদে রসায়ন বিভাগের শিক্ষক ড. মো. আমিনুল হক, যুগ্ম-সাধারণ সম্পাদক পদে ইসলামিক ইতিহাস বিভাগের শিক্ষক কামাল হোসেন ও আইন বিভাগের মুনিরা জাহান সুমি এবং সাংগঠনিক সম্পাদক পদে সমাজকর্ম বিভাগের মো. মহসীন রেজা মনোনয়ন জমা দিয়েছেন। এদিকে আক্কাস-আবদুল্লাহ ঘোষিত প্যানেলে সহ-সভাপতি পদে ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদকে নেয়াম নীল দলের শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। আওয়ামীপন্থী শিক্ষকদের দাবি অদুদ কখনও সরকার পক্ষের লোক ছিল না। নীল দলের মধ্যে ঘাপটি মেবে ধাকা কয়েকজন প্রভাবশালী শিক্ষক অদুদকে সংগঠনে (নীল দলে) আসার সুযোগ করে দিয়েছেন।

কুটিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে খোঁজ নিয়ে জানা গেছে, অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ ২০০৫ সালে কুটিয়া বিশ্ববিদ্যালয়ের আল কোরআন অ্যান্ড ইসলামী স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ছিলেন। বিশ্ববিদ্যালয়টিতে ২০০৪ সালে তিনি জাতীয়তাবাদী পেশাজীবী পরিষদের সহ-সভাপতি ছিলেন। এছাড়া ২০০৫ সালে তিনি জামায়াত-বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দলের আহ্বায়কের দায়িত্ব পালন করেন। ড. আবদুল অদুদ ২০০৮ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পান।